রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**শনিবার, জুন ৪, ২০২২**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**

**বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৫ জৈষ্ঠ্য, ১৪২৯ বঙ্গাব্দ/২৯ মে, ২০২২ খ্রিষ্টাব্দ

**এস, আর, ও নম্বর ১০৯/আইন/২০২২।**—বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল আইন, ২০১৭ (২০১৭ সনের ৯ নং আইন) এর ধারা ২৫ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

**প্রথম অধ্যায়**

**প্রারম্ভিক**

১। **শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই বিধিমালা অ্যাক্রেডিটেশন বিধিমালা, ২০২২ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(১) **“আইন”** অর্থ বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল আইন, ২০১৭ (২০১৭ সনের ৯ নং আইন);

(২) “**অ্যাক্রেডিটেশন কমিটি**'' অর্থ বিধি ৯ এর অধীন গঠিত অ্যাক্রেডিটেশন কমিটি;

(৩) ''**অ্যাক্রেডিটেশন সার্টিফিকেট**'' অর্থ কোনো সরকারি বা বেসরকারি উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান বা উক্ত প্রতিষ্ঠানের একাডেমিক কার্যক্রম বা প্রোগ্রামসমূহের জন্য আইন ও এই বিধিমালার বিধান অনুযায়ী কাউন্সিল কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট বা স্বীকৃতি;



**মূল্য :** টাকা ১৬.০০

(৪) **"উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান"** অর্থ আইনের ধারা ২ এর দফা (৩) এ সংজ্ঞায়িত উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান;

(৫) **"কাউন্সিল"** অর্থ আইনের ধারা ২ এর দফা (৬) এ সংজ্ঞায়িত কাউন্সিল;

(৬) **"কনফিডেন্স সার্টিফিকেট"** অর্থ আইনের ধারা ২ এর দফা (৫) এ সংজ্ঞায়িত কনফিডেন্স সার্টিফিকেট;

(৭) **"তফসিল"** অর্থ এই বিধিমালার তফসিল;

(৮) **"প্রোগ্রাম"** অর্থ আইনের ধারা ২ এর দফা (১০) এ সংজ্ঞায়িত প্রোগ্রাম; এবং

(৯) **"স্ব-নিরূপণ (Self-Assessment)"** অর্থ কোনো উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত উচ্চ শিক্ষার গুণগত মান নিশ্চিতকরণের উদ্দেশ্যে ধারাবাহিকভাবে উন্নতির লক্ষ্যে কাউন্সিল কর্তৃক প্রদত্ত নির্দেশনা অনুসরণে স্ব-মূল্যায়ন বা স্ব-নিরূপণ।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে ব্যবহৃত হইবে।

## দ্বিতীয় অধ্যায়
## অ্যাক্রেডিটেশনের শর্ত, পদ্ধতি, মেয়াদ, ইত্যাদি

**৩। আবেদনের শর্তসমূহ।**—উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত উচ্চ শিক্ষার গুণগতমান নিশ্চিতকরণের উদ্দেশ্যে কাউন্সিল হইতে অ্যাক্রেডিটেশনের জন্য আবেদনের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি পূরণ করিতে হইবে, যথা :—

(ক) কোয়ালিটি অ্যাসুরেন্স ব্যবস্থাপনার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে একটি প্রতিষ্ঠান স্থায়ী কোয়ালিটি অ্যাসুরেন্স সেল থাকিতে হইবে;

(খ) একাডেমিক কার্যক্রমসমূহের জন্য প্রণীত কারিকুলাম এবং উক্ত কারিকুলাম অনুযায়ী শিক্ষা কার্যক্রম পরিচালনার জন্য গৃহীত প্রয়োজনীয় ব্যবস্থাসমূহ আইনের ধারা ১৫ এর অধীন প্রণীত ফ্রেমওয়ার্কের সহিত সঙ্গতিপূর্ণ হইতে হইবে;

(গ) অ্যাক্রেডিটেশনের জন্য আবেদনের তারিখ হইতে অন্যূন ২ (দুই) বৎসর পূর্বে উক্ত প্রতিষ্ঠান কর্তৃক কমপক্ষে একটি ব্যাচের শিক্ষার্থীদের ডিগ্রি প্রদান কার্যক্রম সম্পন্ন করিতে হইবে;

(ঘ) উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের অ্যাক্রেডিটেশনের ক্ষেত্রে উক্ত প্রতিষ্ঠানের উচ্চ শিক্ষা কার্যক্রমের অন্যূন ২০ (বিশ) শতাংশ কার্যক্রম বা প্রোগ্রাম অ্যাক্রেডিটেশন প্রাপ্ত হইতে হইবে :

তবে শর্ত থাকে যে, উক্ত অ্যাক্রেডিটেশন প্রাপ্ত একাডেমিক কার্যক্রম বা প্রোগ্রামের সংখ্যা অন্যূন ৩ (তিন) টি হইতে হইবে;

(ঙ) কাউন্সিল কর্তৃক নির্ধারিত কোয়ালিটি অ্যাসুরেন্স, আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত অবকাঠামো, প্রশিক্ষিত জনবল, আর্থিক সক্ষমতা ও কৌশলগত পরিকল্পনা থাকিতে হইবে; এবং

(চ) প্রযোজ্যতা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক সংশ্লিষ্ট উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান বা উক্ত প্রতিষ্ঠানের উচ্চ শিক্ষা কার্যক্রম বা প্রোগ্রাম অনুমোদিত হইতে হইবে।

৪। **অ্যাক্রেডিটেশন পদ্ধতি।**—(১) কোনো উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান বা উচ্চ শিক্ষা কার্যক্রম বা প্রোগ্রাম, প্রযোজ্যতা অনুযায়ী, বিধি ৩ এ উল্লিখিত শর্ত পূরণ সাপেক্ষে অ্যাক্রেডিটেশনের জন্য কাউন্সিলের নিকট আবেদন করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত আবেদনের সহিত নিম্নবর্ণিত কাগজ বা তথ্যাদি দাখিল করিতে হইবে, যথা :—

(ক) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রতিষ্ঠান গঠন, প্রতিষ্ঠা ও স্থাপনের অনুমোদন পত্র;

(খ) প্রতিষ্ঠানের অনুমোদিত বিদ্যমান সাংগঠনিক কাঠামো;

(গ) আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিভিন্ন প্রশাসনিক দায়িত্বে নিয়োজিত গুরুত্বপূর্ণ পদধারীগণের নাম, পদবি, যোগাযোগ নম্বর, মেয়াদকাল বা অনুরূপ প্রয়োজনীয় বিষয়াদি;

(ঘ) স্থায়ী কোয়ালিটি অ্যাসুরেন্স সেল প্রতিষ্ঠার প্রমাণক, দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি এবং কাউন্সিল কর্তৃক নির্ধারিত ছক অনুযায়ী অ্যাক্রেডিটেশনের জন্য আবেদনের তারিখ হইতে অনধিক ১ (এক) বৎসর সময়কালে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যক্রমসমূহ;

(ঙ) অ্যাক্রেডিটেশনের জন্য আবেদনের তারিখ হইতে অনধিক ১ (এক) বৎসরের মধ্যে সংশ্লিষ্ট উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক এতদুদ্দেশ্যে কাউন্সিল প্রদত্ত নির্দেশনা অনুসরণে পরিচালিত স্ব-মূল্যায়ন বা স্ব-নিরূপণ প্রতিবেদন;

(চ) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কর্মকর্তা ও কর্মচারীর চাকরি নিয়োগ বিধি;

(ছ) কাউন্সিল কর্তৃক নির্ধারিত ছক অনুযায়ী প্রতিষ্ঠানে কর্মরত, প্রযোজ্যতা অনুযায়ী, বিভিন্ন ইনস্টিটিউট, অনুষদ বা বিভাগের প্রধান এবং বিভাগ ভিত্তিক পূর্ণকালীন ও খণ্ডকালীন শিক্ষকদের নাম ও পদবিসহ তালিকা;

(জ) কাউন্সিল কর্তৃক নির্ধারিত ছক অনুযায়ী প্রতিষ্ঠানে কর্মরত জনবলের নাম ও পদবিসহ তালিকা;

(ঝ) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের শিক্ষক এবং কর্মকর্তা ও কর্মচারীদের পেশাগত দক্ষতা বৃদ্ধির বিষয়ে কাউন্সিল কর্তৃক নির্ধারিত ছক অনুযায়ী অ্যাক্রেডিটেশনের জন্য আবেদনের তারিখ হইতে বিগত ১ (এক) বৎসরের মধ্যে সম্পাদিত প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য;

(ঞ) আর্থিক সক্ষমতার বিবরণ এবং প্রতিষ্ঠানের কৌশলগত পরিকল্পনা;

(ট) কাউন্সিল কর্তৃক নির্ধারিত ছক অনুযায়ী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিদ্যমান আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত অবকাঠামো, চলমান অবকাঠামো নির্মাণের বিবরণ এবং সময়াবদ্ধ ভবিষ্যৎ অবকাঠামো পরিকল্পনা ও সম্ভাব্য আর্থিক সংস্থান সংক্রান্ত তথ্য;

(ঠ) কাউন্সিল কর্তৃক নির্ধারিত ছক অনুযায়ী অ্যাক্রেডিটেশনের জন্য আবেদনের তারিখ হইতে বিগত ৩ (তিন) বৎসরের মধ্যে সম্পাদিত গবেষণা প্রকল্পের তালিকা এবং ফলাফলের সংক্ষিপ্ত বিবরণ;

(ড) কাউন্সিল কর্তৃক নির্ধারিত ছক অনুযায়ী উক্ত প্রতিষ্ঠানে চলমান গবেষণা প্রকল্পের তালিকা (গবেষণা প্রকল্পের নাম, গবেষণা প্রকল্পের তত্ত্বাবধায়ক, গবেষকবৃন্দ, মেয়াদ, লক্ষ্য বা অনুরূপ বিষয়াদি উল্লেখসহ); এবং

(ঢ) সময়ে সময়ে কাউন্সিল কর্তৃক নির্ধারিত অন্যান্য কাগজ বা তথ্যাদি।

(৩) কাউন্সিল উপ-বিধি (১) ও (২) এর অধীন আবেদন এবং এতদ্‌সংশ্লিষ্ট কাগজ ও তথ্যাদি পরীক্ষা-নিরীক্ষা ও পর্যালোচনা করিবার পর—

(ক) সন্তুষ্ট হইলে অ্যাক্রেডিটেশন সার্টিফিকেটের আবেদন গ্রহণ করিবে এবং এতদ্বিষয়ে আইন ও বিধিমালার বিধান অনুযায়ী মতামত প্রদানের জন্য সংশ্লিষ্ট কাগজাদিসহ আবেদনটি অ্যাক্রিডিটেশন কমিটির নিকট প্রেরণ করিবে; অথবা

(খ) সন্তুষ্ট না হইলে অথবা আবেদনকারী অ্যাক্রেডিটেশনের জন্য আবেদনের শর্তাবলি পূরণ না করিলে বা প্রয়োজনীয় কাগজ বা তথ্যাদি প্রদান না করিলে উক্ত আবেদন প্রত্যাখ্যান করিবে :

তবে শর্ত থাকে যে, কোনো অতিরিক্ত কাগজ বা তথ্যাদির প্রয়োজন হইলে কাউন্সিল অনধিক ৭ (সাত) দিনের মধ্যে উহা জমা প্রদানের জন্য লিখিতভাবে নির্দেশ প্রদান করিতে পারিবে :

আরও শর্ত থাকে যে, উক্ত সময়ের মধ্যে কোনো অতিরিক্ত কাগজ বা তথ্যাদি জমা প্রদান না করিলে কাউন্সিল সংশ্লিষ্ট আবেদনটি প্রত্যাখ্যান বা নতুনভাবে পুনরায় দাখিল করিবার সিদ্ধান্ত প্রদান করিতে পারিবে।

(৪) উপ-বিধি (৩) এর দফা (ক) এর অধীন কোনো আবেদন প্রাথমিকভাবে গৃহীত হইলে কাউন্সিল অনধিক ৭ (সাত) দিনের মধ্যে তফসিল-১ এ উল্লিখিত ফি জমা প্রদানের জন্য সংশ্লিষ্ট আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিবে।

(৫) উপ-বিধি (৩) এর দফা (খ) এর অধীন কোনো আবেদন প্রাথমিকভাবে গৃহীত না হইলে কাউন্সিল উক্ত সিদ্ধান্ত গ্রহণের তারিখ হইতে অনধিক ৭ (সাত) দিনের মধ্যে আবেদনকারীকে উক্ত আবেদন নামঞ্জুরের কারণ লিখিতভাবে অবহিত করিবে।

(৬) কাউন্সিল উপ-ধারা (১) এর অধীন দাখিলকৃত আবেদনের প্রেক্ষিতে এতদুদ্দেশ্যে গঠিত অ্যাক্রেডিটেশন কমিটির মতামত এবং সংশ্লিষ্ট কাগজ বা তথ্যাদি পরীক্ষা-নিরীক্ষা ও পর্যালোচনা করিবার পর—

(ক) সন্তুষ্ট হইলে ক্ষেত্রমত, কনফিডেন্স সার্টিফিকেট বা অ্যাক্রেডিটেশন সার্টিফিকেট প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করিবে; অথবা

(খ) সন্তুষ্ট না হইলে অথবা আবেদনকারী অ্যাক্রেডিটেশন পাইবার যোগ্য না হইলে অ্যাক্রেডিটেশন আবেদন প্রত্যাখ্যান করিবে।

(৭) উপ-বিধি (৬) এর দফা (ক) এর অধীন ক্ষেত্রমত, কনফিডেন্স সার্টিফিকেট বা অ্যাক্রেডিটেশন সার্টিফিকেট প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হইলে উক্ত সিদ্ধান্ত গ্রহণের অনধিক ৭ (সাত) দিনের মধ্যে সংশ্লিষ্ট উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান বা প্রতিষ্ঠানের উচ্চ শিক্ষা কার্যক্রম বা প্রোগ্রামকে কনফিডেন্স সার্টিফিকেট বা, ক্ষেত্রমত, অ্যাক্রেডিটেশন সার্টিফিকেট প্রদান করিবে।

(৮) উপ-বিধি (৬) এর দফা (খ) এর অধীন কোনো আবেদন গৃহীত না হইলে উক্ত আবেদনকারী পরবর্তীতে সংশ্লিষ্ট শর্তাদি পূরণ করিয়া পুনরায় কাউন্সিলের নিকট অ্যাক্রেডিটেশন প্রাপ্তির জন্য আবেদন করিতে পারিবে।

৫। **স্বীকৃতির মাধ্যমে অ্যাক্রেডিটেশন।**—(১) আন্তর্জাতিকভাবে স্বীকৃত কোনো কোয়ালিটি অ্যাসুরেন্স বা অ্যাক্রেডিটেশন প্রদানকারী সংস্থার নিকট হইতে চূড়ান্তভাবে অ্যাক্রেডিটেশন প্রাপ্ত কোনো উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান বা উচ্চ শিক্ষা কার্যক্রম, বা, ক্ষেত্রমত, প্রোগ্রামকে স্বীকৃতির মাধ্যমে অ্যাক্রেডিটেশন গ্রহণের জন্য উপ-বিধি (৮) এ উল্লিখিত সময়ের মধ্যে, প্রযোজ্যতা অনুযায়ী, এতদ্‌সংশ্লিষ্ট কাগজ বা তথ্যাদিসহ কাউন্সিলের নিকট আবেদন করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত আবেদনের সহিত নিম্নবর্ণিত কাগজ বা তথ্যাদি, প্রযোজ্যতা অনুযায়ী, দাখিল করিতে হইবে, যথা :—

(ক) আন্তর্জাতিকভাবে স্বীকৃত কোনো কোয়ালিটি অ্যাসুরেন্স বা অ্যাক্রেডিটেশন প্রদানকারী সংস্থা কর্তৃক প্রদত্ত অ্যাক্রেডিটেশন সার্টিফিকেটের কপি;

(খ) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ক্ষেত্রমত, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বা উক্ত প্রতিষ্ঠানের একাডেমিক কার্যক্রম বা প্রোগ্রাম চালুর অনুমোদন পত্র;

(গ) প্রযোজ্য ক্ষেত্রে একাডেমিক কার্যক্রম বা প্রোগ্রামের কোর্স কারিকুলাম সংক্রান্ত বিষয়াদি;

(ঘ) সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বা একাডেমিক কার্যক্রম বা প্রোগ্রাম পরিচালনাকারী প্রতিষ্ঠান কর্তৃক সম্পাদিত প্রথম ব্যাচের স্নাতক বা স্নাতকোত্তর সমাপ্তির প্রমাণক এবং কোর্সভিত্তিক অংশগ্রহণকারী, উত্তীর্ণ শিক্ষার্থীর সংখ্যা, ফলাফল বা অনুরূপ বিষয়াদি;

(ঙ) সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বা একাডেমিক কার্যক্রম বা প্রোগ্রাম পরিচালনাকারী প্রতিষ্ঠানের অনুমোদিত বিদ্যমান সাংগঠনিক কাঠামো;

(চ) সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বা উক্ত প্রতিষ্ঠানের একাডেমিক কার্যক্রম বা প্রোগ্রাম পরিচালনাকারী বিভিন্ন গুরুত্বপূর্ণ প্রশাসনিক দায়িত্বে নিয়োজিত পদধারীগণের নাম, পদবি, যোগাযোগের ঠিকানা ও নম্বর, মেয়াদকাল বা অনুরূপ প্রয়োজনীয় বিষয়াদি;

(ছ) সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বা একাডেমিক কার্যক্রম বা প্রোগ্রাম পরিচালনাকারী প্রতিষ্ঠানের স্থায়ী কোয়ালিটি অ্যাসুরেন্স সেল প্রতিষ্ঠার প্রমাণক, দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি এবং কাউন্সিল কর্তৃক নির্ধারিত ছক অনুযায়ী স্বীকৃতির মাধ্যমে অ্যাক্রেডিটেশনের জন্য আবেদনের তারিখ হইতে ১ (এক) বৎসর পূর্ব পর্যন্ত সময়কালে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যক্রমসমূহ;

(জ) অ্যাক্রেডিটেশনের জন্য আবেদনের তারিখ হইতে বিগত ১ (এক) বৎসর পূর্বে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বা উক্ত প্রতিষ্ঠানের একাডেমিক কার্যক্রম বা প্রোগ্রাম পরিচালনকারী কর্তৃক এতদুদ্দেশ্যে কাউন্সিল প্রদত্ত নির্দেশনা অনুসরণে পরিচালিত স্ব-মূল্যায়ন বা স্ব-নিরূপণ প্রতিবেদন;

(ঝ) সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বা উক্ত প্রতিষ্ঠানের একাডেমিক কার্যক্রম বা প্রোগ্রাম পরিচালনাকারী কর্মকর্তা ও কর্মচারীর চাকরি নিয়োগ বিধি;

(ঞ) কাউন্সিল কর্তৃক নির্ধারিত ছক অনুযায়ী সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বা উক্ত প্রতিষ্ঠানের একাডেমিক কার্যক্রম বা প্রোগ্রাম পরিচালনাকারী প্রতিষ্ঠানে কর্মরত জনবলের নাম ও পদবিসহ তালিকা;

(ট) সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বা একাডেমিক কার্যক্রম বা প্রোগ্রাম পরিচালনাকারী প্রতিষ্ঠানের শিক্ষক এবং কর্মকর্তা ও কর্মচারীদের পেশাগত দক্ষতা বৃদ্ধির বিষয়ে কাউন্সিল কর্তৃক নির্ধারিত ছক অনুযায়ী অ্যাক্রেডিটেশনের জন্য আবেদনের তারিখ হইতে বিগত ১ (এক) বৎসরের মধ্যে সম্পাদিত প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য;

(ঠ) সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বা একাডেমিক কার্যক্রম বা প্রোগ্রাম পরিচালনাকারী প্রতিষ্ঠানের আর্থিক সক্ষমতার বিবরণ এবং কৌশলগত পরিকল্পনা;

(ড) কাউন্সিল কর্তৃক নির্ধারিত ছক অনুযায়ী সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বা একাডেমিক কার্যক্রম বা প্রোগ্রাম পরিচালনাকারী প্রতিষ্ঠানের বিদ্যমান আধুনিক সুযোগ সুবিধা সম্বলিত অবকাঠামো, চলমান অবকাঠামো নির্মাণের বিবরণ এবং সময়াব্ধ ভবিষ্যৎ অবকাঠামো পরিকল্পনা ও সম্ভাব্য আর্থিক সংস্থান সংক্রান্ত তথ্য;

(ঢ) কাউন্সিল কর্তৃক নির্ধারিত ছক অনুযায়ী অ্যাক্রেডিটেশনের জন্য আবেদনের তারিখ হইতে বিগত ৩ (তিন) বৎসরের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বা উক্ত প্রতিষ্ঠানের একাডেমিক কার্যক্রম বা প্রোগ্রাম কর্তৃক সম্পাদিত গবেষণা প্রকল্পের তালিকা এবং ফলাফলের সংক্ষিপ্ত বিবরণ (যদি থাকে);

(ণ) কাউন্সিল কর্তৃক নির্ধারিত ছক অনুযায়ী সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বা উক্ত প্রতিষ্ঠানের একাডেমিক কার্যক্রম বা প্রোগ্রামের অধীন চলমান গবেষণা প্রকল্পের তালিকা (গবেষণা প্রকল্পের নাম, গবেষণা প্রকল্পের তত্ত্বাবধায়ক, গবেষকবৃন্দ, মেয়াদ, লক্ষ্য বা অনুরূপ বিষয়াদি উল্লেখসহ) (যদি থাকে); এবং

(ত) সময়ে সময়ে কাউন্সিল কর্তৃক নির্ধারিত অন্যান্য কাগজ বা তথ্যাদি।

(৩) কাউন্সিল উপ-বিধি (১) ও (২) এর অধীন আবেদন এবং এতদ্‌সংশ্লিষ্ট কাগজ ও তথ্যাদি পরীক্ষা-নিরীক্ষা ও পর্যালোচনা করিবার পর—

(ক) সন্তুষ্ট হইলে কোনো উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান বা উচ্চ শিক্ষা কার্যক্রম বা প্রোগ্রামের স্বীকৃতির মাধ্যমে অ্যাক্রেডিটেশন সার্টিফিকেটের আবেদন গ্রহণ করিবে এবং এতদ্বিষয়ে আইন ও বিধিমালার বিধান অনুযায়ী মতামত প্রদানের জন্য সংশ্লিষ্ট কাগজাদিসহ আবেদনটি অ্যাক্রিডিটেশন কমিটির নিকট প্রেরণ করিবে; অথবা

(খ) সন্তুষ্ট না হইলে অথবা কোনো উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান বা উচ্চ শিক্ষা কার্যক্রম বা প্রোগ্রাম স্বীকৃতির মাধ্যমে অ্যাক্রেডিটেশন আবেদনের শর্তাবলী পূরণ না করিলে বা প্রয়োজনীয় কাগজ বা তথ্যাদি প্রদান না করিলে উক্ত আবেদন প্রত্যাখ্যান করিবে:

তবে শর্ত থাকে যে, কোনো অতিরিক্ত কাগজ বা তথ্যাদির প্রয়োজন হইলে কাউন্সিল অনধিক ৭ (সাত) দিনের মধ্যে উহা জমা প্রদানের জন্য লিখিতভাবে নির্দেশ প্রদান করিতে পারিবে:

আরও শর্ত থাকে যে, উক্ত সময়ের মধ্যে কোনো অতিরিক্ত কাগজ বা তথ্যাদি জমা প্রদান না করিলে কাউন্সিল সংশ্লিষ্ট আবেদনটি প্রত্যাখ্যান বা নতুনভাবে পুনরায় দাখিল করিবার সিদ্ধান্ত প্রদান করিতে পারিবে।

(৪) উপ-বিধি (৩) এর দফা (ক) এর অধীন কোনো আবেদন প্রাথমিকভাবে গৃহীত হইলে কাউন্সিল অনধিক ৭ (সাত) দিনের মধ্যে তফসিল-১ এ উল্লিখিত ফি জমা প্রদানের জন্য সংশ্লিষ্ট আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিবে।

(৫) উপ-বিধি (৩) এর দফা (খ) এর অধীন কোনো আবেদন প্রাথমিকভাবে গৃহীত না হইলে কাউন্সিল উক্ত সিদ্ধান্ত গ্রহণের তারিখ হইতে অনধিক ৭ (সাত) দিনের মধ্যে আবেদনকারীকে উক্ত আবেদন নামঞ্জুরের কারণ লিখিতভাবে অবহিত করিবে।

(৬) কাউন্সিল উপ-ধারা (১) এর অধীন দাখিলকৃত আবেদনের প্রেক্ষিতে এতদুদ্দেশ্যে গঠিত অ্যাক্রেডিটেশন কমিটির মতামত এবং সংশ্লিষ্ট কাগজ বা তথ্যাদি পরীক্ষা-নিরীক্ষা ও পর্যালোচনা করিবার পর—

(ক) সন্তুষ্ট হইলে ক্ষেত্রমত, স্বীকৃতির মাধ্যমে অ্যাক্রেডিটেশন সার্টিফিকেট প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করিবে; অথবা

(খ) সন্তুষ্ট না হইলে অথবা স্বীকৃতির মাধ্যমে অ্যাক্রেডিটেশন আবেদনকারী অ্যাক্রেডিটেশন পাইবার যোগ্য না হইলে অ্যাক্রেডিটেশন আবেদন প্রত্যাখ্যান করিবে।

(৭) উপ-বিধি (৬) এর দফা (ক) এর অধীন কোনো উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান বা উচ্চ শিক্ষা কার্যক্রম বা প্রোগ্রামকে স্বীকৃতির মাধ্যমে অ্যাক্রেডিটেশন সার্টিফিকেট প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হইলে কাউন্সিল উক্ত সিদ্ধান্ত গ্রহণের অনধিক ৭ (সাত) দিনের মধ্যে সংশ্লিষ্ট উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান বা প্রতিষ্ঠানের উচ্চ শিক্ষা কার্যক্রম বা প্রোগ্রামকে স্বীকৃতির মাধ্যমে অ্যাক্রেডিটেশন সার্টিফিকেট প্রদান করিবে যাহার মেয়াদ হইবে উহা ইস্যুর তারিখ হইতে অনধিক ৫ (পাঁচ) বৎসর:

তবে শর্ত থাকে যে, যেই সংস্থার অ্যাক্রেডিটেশন সার্টিফিকেটের ভিত্তিতে কোনো উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান বা উচ্চ শিক্ষা কার্যক্রম বা প্রোগ্রামকে স্বীকৃতির মাধ্যমে অ্যাক্রেডিটেশন সার্টিফিকেট প্রদান করা হইয়াছে উক্ত সার্টিফিকেট বাতিল বা প্রত্যাহার বা মেয়াদ উত্তীর্ণ হইলে এই বিধানের অধীন প্রাপ্ত অ্যাক্রেডিটেশন স্বয়ংক্রিয়ভাবে বাতিল হইয়া যাইবে।

(৮) আন্তর্জাতিকভাবে স্বীকৃত কোনো কোয়ালিটি অ্যাসুরেন্স বা অ্যাক্রেডিটেশন প্রদানকারী সংস্থা হইতে প্রাপ্ত অ্যাক্রেডিটেশন সার্টিফিকেটের মেয়াদ উত্তীর্ণ হইবার অনধিক ২ (দুই) বৎসর পূর্বে এই বিধির অধীন স্বীকৃতির মাধ্যমে অ্যাক্রেডিটেশন সার্টিফিকেটের জন্য কাউন্সিলের নিকট আবেদন করিতে হইবে।

৬। **সার্টিফিকেটসমূহের মেয়াদ, অনবায়নযোগ্যতা, ইত্যাদি।**—(১) কনফিডেন্স সার্টিফিকেটের মেয়াদ হইবে উহা ইস্যুর তারিখ হইতে ১ (এক) বৎসর এবং উহা অনবায়নযোগ্য হইবে।

(২) অ্যাক্রেডিটেশন সার্টিফিকেটের মেয়াদ হইবে উহা ইস্যুর তারিখ হইতে ৫ (পাঁচ) বৎসর এবং উহা অনবায়নযোগ্য হইবে।

(৩) উপ-বিধি (২) এ উল্লিখিত মেয়াদ শেষ হইবার পর কোনো উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান বা একাডেমিক কার্যক্রম বা প্রোগ্রাম অ্যাক্রেডিটেশন সার্টিফিকেট গ্রহণ করিতে চাহিলে পুনরায় আইন ও বিধিমালার বিধান অনুযায়ী নতুনভাবে কাউন্সিলের নিকট আবেদন করিতে পারিবে।

৭। **সার্টিফিকেট ও রেজিস্টার।**—(১) কনফিডেন্স সার্টিফিকেট বা অ্যাক্রেডিটেশন সার্টিফিকেট প্রদানের নিমিত্ত কাউন্সিল সংশ্লিষ্ট উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করিতে পারিবে এবং তফসিল-২ এ উল্লিখিত অর্জিত মান নম্বরের ভিত্তিতে উক্ত উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানকে, ক্ষেত্রমত, কনফিডেন্স সার্টিফিকেট বা অ্যাক্রেডিটেশন সার্টিফিকেট প্রদান করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, তফসিল-২ এ উল্লিখিত মান নম্বর যাহাই হউক না কেন কাউন্সিল কর্তৃক নির্ধারিত প্রতিটি মানদণ্ডে পৃথকভাবে অন্যূন ৫০% (পঞ্চাশ শতাংশ) অর্জিত মান নম্বর থাকিতে হইবে।

(২) এই বিধিমালার বিধান অনুযায়ী কনফিডেন্স সার্টিফিকেট প্রাপ্ত কোনো উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান আইন ও বিধিমালার অধীন অ্যাক্রেডিটেশন প্রাপ্তির জন্য কাউন্সিল কর্তৃক নির্ধারিত অ্যাক্রেডিটেশন মানদণ্ড ও শর্তাবলি পূরণের পর কাউন্সিলকে লিখিতভাবে অবহিত করিতে হইবে।

(৩) কাউন্সিল, অ্যাক্রেডিটেশন কমিটির মাধ্যমে উপ-বিধি (২) এ উল্লিখিত শর্তাবলি পূরণ সাপেক্ষে সন্তুষ্ট হইলে সংশ্লিষ্ট উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান বা একাডেমিক কার্যক্রম বা প্রোগ্রামকে অ্যাক্রেডিটেশন সার্টিফিকেট প্রদান করিবে।

(৪) কোনো উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান বা উক্ত প্রতিষ্ঠানের কোনো একটি নির্দিষ্ট একাডেমিক কার্যক্রম বা প্রোগ্রামের জন্য প্রদত্ত কনফিডেন্স সার্টিফিকেট বা অ্যাক্রেডিটেশন সার্টিফিকেট অন্য কোনো প্রতিষ্ঠান বা প্রোগ্রামের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।

(৫) কাউন্সিল উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান এবং উক্ত প্রতিষ্ঠানের উচ্চ শিক্ষা কার্যক্রম বা প্রোগ্রামসমূহের অ্যাক্রেডিটেশন সংক্রান্ত বিস্তারিত বিবরণ ও তথ্যাদি ম্যানুয়্যাল পদ্ধতিতে রেজিস্টারে সংরক্ষণ করিবে এবং উহা ইলেকট্রনিক পদ্ধতিতে সংরক্ষণ করিতে পারিবে ।

৮। **নিরীক্ষা ও অ্যাসেসমেন্ট।**- (১) কাউন্সিল উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান বা উক্ত প্রতিষ্ঠানের উচ্চ শিক্ষা কার্যক্রম বা প্রোগ্রামের একাডেমিক নিরীক্ষা ও অ্যাসেসমেন্ট করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত একাডেমিক নিরীক্ষার জন্য কাউন্সিল সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ এক বা একাধিক ব্যক্তির সহায়তা গ্রহণ করিতে পারিবে।

(৩) অ্যাক্রেডিটেশন প্রাপ্ত উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান বা উক্ত প্রতিষ্ঠানের উচ্চ শিক্ষা কার্যক্রম বা প্রোগ্রামসমূহ আইন, বিধিমালা, অ্যাক্রেডিটেশনের শর্তাবলিসহ, কাউন্সিল কর্তৃক নির্ধারিত মানদণ্ড বা এতদসংশ্লিষ্ট প্রাসঙ্গিক অন্যান্য বিধিবিধান অনুযায়ী তাহাদের কার্যক্রম পরিচালনা করিতেছে কি না তাহা কাউন্সিল সরেজমিনে পরিদর্শনের মাধ্যমে নিরীক্ষা করিতে পারিবে।

(৪) কাউন্সিল প্রতি ২ (দুই) বৎসরে অন্যূন একবার অ্যাক্রেডিটেশন সার্টিফিকেট প্রাপ্ত সংশ্লিষ্ট উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান বা উক্ত প্রতিষ্ঠানের উচ্চ শিক্ষা কার্যক্রম বা প্রোগ্রাম নিরীক্ষা করিবে:

তবে শর্ত থাকে যে, অ্যাক্রেডিটেশন সার্টিফিকেট প্রাপ্ত উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান বা উক্ত প্রতিষ্ঠানের উচ্চ শিক্ষা কার্যক্রম বা প্রোগ্রামের বিরুদ্ধে কাউন্সিলের নিকট কেহ অভিযোগ দায়ের করিলে তাৎক্ষণিকভাবে উক্ত উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান বা উক্ত প্রতিষ্ঠানের উচ্চ শিক্ষা কার্যক্রম বা প্রোগ্রামের একাডেমিক নিরীক্ষা করা যাইবে।

## তৃতীয় অধ্যায়
## কমিটি, কার্যাবলি, ইত্যাদি

৯। **অ্যাক্রেডিটেশন কমিটি গঠন।**—(১) কাউন্সিল কোনো উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান বা উক্ত প্রতিষ্ঠানের উচ্চ শিক্ষা কার্যক্রম বা প্রোগ্রামের অ্যাক্রেডিটেশনের আবেদন প্রাপ্তির পর উক্ত আবেদন বিধি ১১ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য একজন সভাপতি ও ২ (দুই) জন সদস্য সমন্বয়ে অ্যাক্রেডিটেশন কমিটি গঠন করিবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত দাখিলকৃত আবেদনের প্রেক্ষিতে প্রত্যেক আবেদনের জন্য পৃথক পৃথক অ্যাক্রেডিটেশন কমিটি গঠন করিতে হইবে।

(৩) উপ-বিধি (১) এর অধীন গঠিত কমিটি সংশ্লিষ্ট উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান বা উক্ত প্রতিষ্ঠানের উচ্চ শিক্ষা কার্যক্রম বা প্রোগ্রামের মান সরেজমিনে পরিদর্শন করিতে হইবে।

(৪) অ্যাক্রেডিটেশন কমিটির সভাপতি ও সদস্যগণ পুনঃনিয়োগের যোগ্য হইবেন:

তবে শর্ত থাকে যে, যে আবেদন অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য কোনো ব্যক্তি অ্যাক্রেডিটেশন কমিটির সভাপতি বা সদস্য নিযুক্ত হইয়াছেন উক্ত আবেদন চূড়ান্তভাবে নিস্পত্তি না হওয়া পর্যন্ত উক্ত ব্যক্তিকে অন্য কোনো অ্যাক্রেডিটেশন কমিটির সভাপতি বা সদস্য হিসাবে নিয়োগ করা যাইবে না।

(৫) অ্যাক্রেডিটেশনের জন্য উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান বা উক্ত প্রতিষ্ঠানের উচ্চ শিক্ষা কার্যক্রম বা প্রোগ্রামের সহিত অ্যাক্রেডিটেশন কমিটির সভাপতি বা সদস্যের প্রত্যক্ষ বা পরোক্ষ কোনো স্বার্থ জড়িত থাকিলে তিনি লিখিতভাবে কাউন্সিলের চেয়ারম্যানকে অবহিত করিবেন এবং উক্ত কমিটিতে থাকিতে পারিবেন না।

(৬) অ্যাক্রেডিটেশন কমিটির সভাপতি ও কোনো সদস্য কাউন্সিলের চেয়ারম্যান বরাবর লিখিত পত্রের মাধ্যমে স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন।

১০। **অ্যাক্রেডিটেশন কমিটির সভাপতি ও সদস্যগণের যোগ্যতা।**— (১) উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে প্রশাসনিক কাজে অন্যূন ২ (দুই) বৎসর কাজের অভিজ্ঞতা এবং উচ্চ শিক্ষায় কোয়ালিটি অ্যাসুরেন্স বা অ্যাক্রেডিটেশন বিষয়ে বিশেষ জ্ঞানসম্পন্ন অধ্যাপক পদমর্যাদার একজন শিক্ষক উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান অ্যাক্রেডিটেশন কমিটির সভাপতি হইবার যোগ্য হইবেন।

(২) প্রতিষ্ঠান অ্যাক্রেডিটেশন কমিটির ২ (দুই) জন সদস্য অন্যূন সহযোগী অধ্যাপক পদমর্যাদার শিক্ষক হইবেন যাহাদের মধ্যে একজন উচ্চ শিক্ষায় কোয়ালিটি অ্যাসুরেন্স বা অ্যাক্রেডিটেশন বিষয়ে বিশেষ জ্ঞানসম্পন্ন এবং অপরজন একই প্রকৃতির উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনার কাজে অন্যূন ২ (দুই) বৎসরের কাজের অভিজ্ঞতাসম্পন্ন।

(৩) উক্ত প্রতিষ্ঠানের উচ্চ শিক্ষা কার্যক্রম বা একাডেমিক কার্যক্রম বা প্রোগ্রামের কারিকুলাম মূল্যায়ন, কোয়ালিটি অ্যাসুরেন্স বা অ্যাক্রেডিটেশন বিষয়ে বিশেষ জ্ঞানসম্পন্ন অধ্যাপক পদমর্যাদার একজন শিক্ষক উচ্চ শিক্ষা কার্যক্রম বা প্রোগ্রাম অ্যাক্রেডিটেশন কমিটির সভাপতি হইবার যোগ্য হইবেন।

(৪) উচ্চ শিক্ষা কার্যক্রম বা প্রোগ্রাম অ্যাক্রেডিটেশন কমিটির ২ (দুই) জন সদস্য অন্যূন সহযোগী অধ্যাপক পদমর্যাদার শিক্ষক হইবেন যাহাদের মধ্যে একজন উচ্চ শিক্ষা কার্যক্রম বা একাডেমিক কার্যক্রম বা প্রোগ্রামের কারিকুলাম মূল্যায়ন, কোয়ালিটি অ্যাসুরেন্স বা অ্যাক্রেডিটেশন বিষয়ে বিশেষ জ্ঞানসম্পন্ন এবং অপরজন সংশ্লিষ্ট উচ্চ শিক্ষা কার্যক্রম বা প্রোগ্রাম বিষয়ে অভিজ্ঞতাসম্পন্ন।

**১১। অ্যাক্রেডিটেশন কমিটির কার্যাবলি।**—কাউন্সিল কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে বহিস্থ গুণগত মান নিরূপণ কার্যক্রম পরিচালনার জন্য সংশ্লিষ্ট অ্যাক্রেডিটেশন আবেদন পরীক্ষা-নিরীক্ষা ও পর্যালোচনা করিয়া কাউন্সিলের নিকট মতামত প্রদানের উদ্দেশ্যে অ্যাক্রেডিটেশন কমিটির কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা:—

(ক) আবেদনের সহিত দাখিলকৃত কাগজ বা তথ্যাদি এবং স্ব-নিরূপণ প্রতিবেদন পরীক্ষা-নিরীক্ষা ও পর্যালোচনা করা;

(খ) সংশ্লিষ্ট উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান সরেজমিনে পরিদর্শন এবং কোয়ালিটি অ্যাসুরেন্স সংক্রান্ত যাবতীয় বিষয়াদি ও কাউন্সিল কর্তৃক নির্ধারিত অ্যাক্রেডিটেশনে মানদন্ডের ভিত্তিতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিদ্যমান উচ্চ শিক্ষা কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় সুবিধাদিসহ সার্বিক পরিস্থিতির নিবিড় পর্যালোচনা;

(গ) সংশ্লিষ্ট উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের বর্তমান ও সাবেক শিক্ষার্থী, পূর্ণকালীন ও খন্ডকালীন শিক্ষক, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রশাসনিক ব্যবস্থাপনা সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ, অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীসহ উক্ত প্রতিষ্ঠান সংশ্লিষ্ট প্রাসঙ্গিক অংশীজনদের সহিত মতবিনিময়; এবং

(ঘ) সংশ্লিষ্ট উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান বা উক্ত প্রতিষ্ঠানের উচ্চ শিক্ষা কার্যক্রম বা প্রোগ্রাম এবং উহাদের কার্যক্রমসমূহ পর্যালোচনা ও পর্যবেক্ষণপূর্বক মূল্যায়ন।

**১২। অ্যাক্রেডিটেশন কমিটির মেয়াদ।**—প্রতিটি অ্যাক্রেডিটেশন কমিটি ক্ষেত্রমত, সংশ্লিষ্ট উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান বা উক্ত প্রতিষ্ঠানের উচ্চ শিক্ষা কার্যক্রম বা প্রোগ্রামের অ্যাক্রেডিটেশনের আবেদন বিবেচনা করিয়া কাউন্সিলের নিকট মতামত বা সুপারিশ প্রদানের জন্য উক্ত কমিটি গঠনের তারিখ হইতে পরবর্তী ৬ (ছয়) মাস পর্যন্ত বহাল থাকিবে:

তবে শর্ত থাকে যে, কাউন্সিল প্রয়োজনে অ্যাক্রেডিটেশন কমিটির আবেদনের ভিত্তিতে উহার মেয়াদ বৃদ্ধি করিতে পারিবে।

## চতুর্থ অধ্যায়

## সার্টিফিকেট স্থগিত, বাতিল, পুনর্বিবেচনা, ইত্যাদি

**১৩। কনফিডেন্স সার্টিফিকেট বা অ্যাক্রেডিটেশন সার্টিফিকেট স্থগিতকরণ, বাতিল, ইত্যাদি।**— (১) কোনো উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনার ক্ষেত্রে কাউন্সিল কর্তৃক নির্ধারিত সংশ্লিষ্ট কনফিডেন্স সার্টিফিকেট বা অ্যাক্রেডিটেশন সার্টিফিকেটের মানদণ্ড বা সার্টিফিকেটে উল্লিখিত শর্ত ভঙ্গ করা হইলে কাউন্সিল তদকর্তৃক প্রদত্ত কোনো কনফিডেন্স সার্টিফিকেট বা অ্যাক্রেডিটেশন সার্টিফিকেট স্থগিত করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, কোনো সাটিফিকেট স্থগিত করিবার ক্ষেত্রে সংশ্লিষ্ট উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানকে মানদণ্ড বা শর্ত ভঙ্গের সুনির্দিষ্ট অভিযোগ উল্লেখপূর্বক কারণ দর্শানোর নোটিশ প্রদান করিতে হইবে।

(২) উপ-বিধি (১) অনুযায়ী কারণ দর্শানোর নোটিশ জারীর তারিখ হইতে অনধিক ২১ (একুশ) দিনের মধ্যে সংশ্লিষ্ট উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান উহার জবাব প্রদান করিতে পারিবে।

(৩) উপ-বিধি (২) অনুযায়ী কারণ দর্শানোর জবাব প্রাপ্তির অনধিক ১০ (দশ) দিনের মধ্যে কাউন্সিল সংশ্লিষ্ট সকলের উপস্থিতিতে শুনানির ব্যবস্থা গ্রহণ করিবে।

(৪) উপ-বিধি (৩) এ উল্লিখিত শুনানীতে সংশ্লিষ্ট উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের বক্তব্য সন্তোষজনক না হইলে অথবা ব্যাখ্যা ও প্রমাণাদি উপস্থাপন না করিলে কাউন্সিল সংশ্লিষ্ট কনফিডেন্স সার্টিফিকেট বা অ্যাক্রেডিটেশন সার্টিফিকেট স্থগিত করিতে পারিবে।

(৫) কাউন্সিল উপ-বিধি (৪) এর অধীন গৃহীত সিদ্ধান্ত সংশ্লিষ্ট উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানকে লিখিতভাবে অবহিত করিবে এবং অভিযোগসমূহ সমাধান বা প্রতিকারের জন্য অনধিক ৬ (ছয়) মাস পর্যন্ত সময় প্রদান করিতে পারিবে।

(৬) উপ-বিধি (৫) এ উল্লিখিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান সংশ্লিষ্ট অভিযোগসমূহ সমাধান বা প্রতিকারের ব্যবস্থা গ্রহণ করিয়া প্রমাণাদিসহ কাউন্সিলকে উক্ত সময়ের মধ্যে লিখিতভাবে অবহিত করিবে।

(৭) কাউন্সিল উপ-বিধি (৬) এ উল্লিখিত প্রমাণাদি পাইবার পর গৃহীত প্রতিকারমূলক ব্যবস্থা যাচাইয়ের জন্য উক্ত প্রতিষ্ঠান সরেজমিন পরিদর্শন বা নিরীক্ষা করিতে পারিবে।

(৮) উপ-বিধি (৭) এ উল্লিখিত নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা করিয়া কাউন্সিল-

(ক) সন্তুষ্ট হইলে সংশ্লিষ্ট উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের বিপরীতে প্রদত্ত কনফিডেন্স সার্টিফিকেট বা অ্যাক্রেডিটেশন সার্টিফিকেট স্থগিতের আদেশ প্রত্যাহার করিবে; অথবা

(খ) অসন্তুষ্ট হইলে সংশ্লিষ্ট উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের বিপরীতে প্রদত্ত কনফিডেন্স সার্টিফিকেট বা অ্যাক্রেডিটেশন সার্টিফিকেট বাতিল বা প্রত্যাহার করিবে।

(৯) উপ-বিধি (৮) অনুযায়ী সিদ্ধান্ত গ্রহণের তারিখ হইতে অনধিক ৭ (সাত) দিনের মধ্যে সংশ্লিষ্ট উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানকে উহা লিখিতভাবে অবহিত করিতে হইবে।

(১০) উপ-বিধি (৮) এর দফা (খ) অনুযায়ী কনফিডেন্স সার্টিফিকেট বা অ্যাক্রেডিটেশন সার্টিফিকেট বাতিল বা প্রত্যাহার করা হইলে উহা অবহিত হইবার পর কাউন্সিল কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট সার্টিফিকেট সমর্পণ করিতে হইবে।

**১৪। পুনর্বিবেচনার জন্য আবেদন, কমিটি গঠন, ইত্যাদি।**— (১) কোনো উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান কাউন্সিল কর্তৃক অ্যাক্রেডিটেশন সার্টিফিকেট স্থগিত বা বাতিল বা প্রত্যাহার বা নামঞ্জুর বা অন্য কোনো কারণে সংক্ষুব্ধ হইলে এতদসংক্রান্ত বিষয় অবহিত হইবার তারিখ হইতে অনধিক ৩০ (ত্রিশ) দিনের মধ্যে তফসিল-১ এ উল্লিখিত ফি প্রদান করিয়া উক্ত সংক্ষুব্ধতার বিরুদ্ধে প্রতিকার চাহিয়া প্রয়োজনীয় দলিলাদিসহ কাউন্সিলের চেয়ারম্যানের নিকট লিখিতভাবে উহা পুনর্বিবেচনার আবেদন করিতে পারিবে।

(২) কাউন্সিল উপ-বিধি (২) এ উল্লিখিত পুনর্বিবেচনার আবেদন প্রাপ্তির অনধিক ১৫ (পনেরো) দিনের মধ্যে উক্ত আবেদন বিবেচনা করিয়া সিদ্ধান্ত প্রদানের জন্য নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে পুনর্বিবেচনা কমিটি গঠন করিবে, যথা:—

(ক) কাউন্সিলের চেয়ারম্যান, যিনি উহার সভাপতিও হইবেন;

(খ) কাউন্সিলের ৪ (চার) জন পূর্ণকালীন সদস্য;

(গ) সংশ্লিষ্ট অ্যাক্রেডিটেশন কমিটির প্রধান; এবং

(ঘ) কাউন্সিল কর্তৃক মনোনীত ৩ (তিন) জন বিশেষজ্ঞ সদস্য।

(৩) পুনর্বিবেচনা কমিটি গঠন বিষয়ে আবেদনকারীর কোনো আপত্তি থাকিলে উক্ত কমিটি গঠনের আদেশ জারীর তারিখ হইতে অনধিক ৭ (সাত) দিনের মধ্যে কাউন্সিলের চেয়ারম্যানের নিকট লিখিতভাবে উহার কারণ জানাইতে হইবে।

(৪) উপ-বিধি (৩) এ উল্লিখিত আপত্তির বিষয়ে কাউন্সিলের চেয়ারম্যানের সিদ্ধান্ত চূড়ান্ত হইবে।

(৫) যে উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান পুনর্বিবেচনার আবেদন করিয়াছে তাহার সহিত পুনর্বিবেচনা কমিটির কোনো সদস্যের অ্যাক্রেডিটেশনের ক্ষেত্রে প্রত্যক্ষ বা পরোক্ষ কোনো স্বার্থ জড়িত থাকিলে তিনি উক্ত কমিটিতে সদস্য হিসাবে থাকিতে পারিবেন না।

(৬) কাউন্সিলের সচিব পুনর্বিবেচনা কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবেন।

(৭) এই বিধির অধীন পুনর্বিবেচনার আবেদন দাখিল করা হইলে উক্ত আবেদন নিষ্পত্তি না হওয়া পর্যন্ত সংশ্লিষ্ট উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রমত, কনফিডেন্স সার্টিফিকেট বা অ্যাক্রেডিটেশন সার্টিফিকেট, বহাল থাকিবে এবং শিক্ষা কার্যক্রম চালু রাখা যাইবে।

**১৫। পুনর্বিবেচনা কমিটির বিশেষজ্ঞ সদস্যগণের মনোনয়নের পদ্ধতি।**—কাউন্সিল কোনো উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান অ্যাক্রেডিটেশনের আবেদন পুনর্বিবেচনার জন্য উচ্চ শিক্ষায় কোয়ালিটি অ্যাসুরেন্স বা অ্যাক্রেডিটেশন কাজে অভিজ্ঞতাসম্পন্ন অধ্যাপক পদমর্যাদার ২ (দুই) জন শিক্ষক এবং একই প্রকৃতির উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা কাজে অন্যূন ৪ (চার) বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন অধ্যাপক পদমর্যাদার শিক্ষককে বিধি ১৪ এর উপ-বিধি (২) এর দফা (ঘ) এ উল্লিখিত বিশেষজ্ঞ সদস্য হিসাবে মনোনয়ন প্রদান করিতে পারিবে।

**১৬। পুনর্বিবেচনা কমিটির কার্যাবলি।**—(১) এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে কোনো উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান কাউন্সিল কর্তৃক অ্যাক্রেডিটেশন সার্টিফিকেট স্থগিত বা বাতিল বা প্রত্যাহার বা নামঞ্জুর বা অন্য কোনো কারণে সংক্ষুব্ধতার বিরুদ্ধে প্রতিকার চাহিয়া দাখিলকৃত পুনর্বিবেচনার আবেদনটির বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য পুনর্বিবেচনা কমিটির কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা: —

(ক) দাখিলকৃত সংশ্লিষ্ট কাগজ বা তথ্যাদি, লিখিত বিবরণ এবং আনুষঙ্গিক বিষয়াদি পর্যালোচনা;

(খ) প্রয়োজনে সরেজমিন পরিদর্শন, মৌখিকভাবে সাক্ষ্য গ্রহণ বা শুনানী গ্রহণ;

(গ) অ্যাক্রেডিটেশন বিশেষজ্ঞের সহায়তা গ্রহণ; এবং

(ঘ) সার্বিক দিক পর্যালোচনা করিয়া আবেদনটির বিষয়ে গৃহীত সিদ্ধান্ত সংশোধন, পরিবর্তন বা বাতিল।

(২) পুনর্বিবেচনা কমিটি উহার প্রথম বৈঠকের তারিখ হইতে অনধিক ১৫ (পনেরো) দিনের মধ্যে পুনর্বিবেচনার আবেদন নিষ্পত্তি করিয়া আদেশ প্রদান করিবে এবং কমিটির সকল সদস্যের স্বাক্ষরে এই আদেশ জারি করিতে হইবে।

(৩) আইনের ধারা ১৮ এর উপ-ধারা (৩) এর বিধান মোতাবেক পুনর্বিবেচনা কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত হইবে এবং উহার বিরুদ্ধে কোনো আপিল দায়ের করা যাইবে না।

**১৭। ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ।**—(১) এই বিধিমালা কার্যকর হইবার পর সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই বিধিমালার ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করিবে।

(২) বাংলা ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

**তফসিল-১**

**[বিধি ২(৭), ৪, ৫ ও ১৪ দ্রষ্টব্য]**

**বিভিন্ন প্রকার ফি**

| ক্রমিক নম্বর | বিষয় | ফি (লক্ষ টাকা) |
|---|---|---|
| ১। | অ্যাক্রেডিটেশন আবেদন ফি | ২ (দুই) |
| ২। | স্বীকৃতির মাধ্যমে অ্যাক্রেডিটেশন আবেদন ফি | ২ (দুই) |
| ৩। | পুনর্বিবেচনার আবেদন ফি | ১ (এক) |

**তফসিল-২**

**[বিধি ৭ দ্রষ্টব্য]**

| ক্রমিক নম্বর | অর্জিত মান নম্বর (শতকরা হিসাবে) | সার্টিফিকেটের ধরণ |
|---|---|---|
| ১। | ৭০% বা তদূর্ধ্ব | অ্যাক্রেডিটেশন সার্টিফিকেট |
| ২। | ৬০% এর বেশি হইতে ৭০% এর কম | কনফিডেন্স সার্টিফিকেট |
| ৩। | ৬০% এর কম | সার্টিফিকেট প্রাপ্তির যোগ্য নহে |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবু বকর ছিদ্দীক**
সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www. bgpress. gov. bd